DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 06:29 PM

সারাদেশ

ভোলা সরকারি কলেজে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বরণ ও ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

প্রতিবেদক: ভোলা প্রতিনিধি:
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৩৭ PM



ভোলার তজুমদ্দিন উপজেলার শম্ভুপুর শাহে আলম মডেল ডিগ্রি কলেজে ২০২৬–২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) কলেজ প্রাঙ্গণে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কলেজের অধ্যক্ষ মুঈন উদ্দিন হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের স্বাগত জানান শিক্ষকরা। এ সময় নবীন শিক্ষার্থীদের উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে পুরো ক্যাম্পাস।

সভাপতির বক্তব্যে অধ্যক্ষ মুঈন উদ্দিন হাওলাদার বলেন, উচ্চশিক্ষার প্রস্তুতি, নিয়মিত অধ্যয়ন ও শৃঙ্খলাপূর্ণ জীবনযাপনের মাধ্যমে এখন

থেকেই নিজেদের গড়ে তুলতে হবে। এইচএসসি পরীক্ষায় ভালো ফলাফল অর্জনের পাশাপাশি একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে ওঠাই শিক্ষার মূল উদ্দেশ্য।

অনুষ্ঠানে বক্তব্য দেন কলেজের প্রভাষক শরীফ মো. আল আমিন, আবদুল হান্নান, রিয়াজ উদ্দিন, খালেদ সাইফুল্লাহ, মো. শাহাবুদ্দিন, মিজানুর রহমান, মো. রাকিব ও জাবেদ ইকবাল।

বক্তারা নবীন শিক্ষার্থীদের নিয়মিত পড়াশোনা, শৃঙ্খলা, নৈতিকতা ও সুস্থ সংস্কৃতিচর্চার মাধ্যমে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান।

এ সময় নবাগত শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য দেন মো. সিফাত, সাইফুল ইসলাম, ফারিয়া ও সুরভী আক্তার। তারা নতুন শিক্ষাজীবন নিয়ে নিজেদের স্বপ্ন ও প্রত্যাশার কথা তুলে ধরেন এবং আদর্শ মানুষ হিসেবে গড়ে ওঠার প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানকে ঘিরে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। নবীন শিক্ষার্থীদের প্রাণবন্ত উপস্থিতি ও উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানের মধ্য দিয়ে ২০২৬২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নতুন শিক্ষাজীবনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bhola-srkari-kleje-ekadsh-shrenir-shiksharthider-brn-o-oriyenteshn-onushthit